



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

এস্টাবলিসমেন্ট অফ ক্লিয়ারিং হাউস ফর ইনটিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এ্যাডজাসেন্ট ডিসট্রিক্টস (ফেইজ-২) প্রকল্প  
কক্ষ নং-১১০৫, লেভেল-১১, ডিটিসিএ ভবন (সড়ক ও জনপথ অধিদপ্তর ভবনের পাশে), লাভ রোড, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

স্মারক নংঃ ৩৫.০২.০০০০.০০৮.৩৫.০২১.২২-২৬৬

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ  
২৪ মে, ২০২৩ খ্রিঃ


## প্রাক-দরপত্র (Pre-Tender) সভার নোটিশ

**বিষয়ঃ প্রকল্পের GD-2(a) প্যাকেজের আওতায় 'Procurement of Rapid Pass (FeliCa IC) Card, SAM (Secured Access Module) and Associated Service' ক্রয়ের নিমিত্ত প্রাক-দরপত্র সভা।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক বাস্তবায়নাধীন 'এস্টাবলিসমেন্ট অফ ক্লিয়ারিং হাউস ফর ইনটিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এ্যাডজাসেন্ট ডিসট্রিক্টস (ফেইজ-২) প্রকল্প'-এর GD-2(a) প্যাকেজের আওতায় ক্লিয়ারিং হাউজের জন্য 'Rapid Pass (FeliCa IC) Card, SAM (Secure Access Module) এবং আনুষঙ্গিক সেবা' ক্রয়ের জন্য গত ১৭/০৫/২০২৩ খ্রিঃ উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)-তে দরপত্র আহবান করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি-৯৪ উপবিধি-১০ এর আলোকে সম্ভাব্য সকল দরপত্রদাতাকে বিষয়োক্ত দরপত্রের উদ্দেশ্য, দরপত্র দলিলের বিভিন্ন শর্তাবলী এবং বিভিন্ন বিষয় স্পষ্টীকরণের নিমিত্ত প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তি (IFT: Invitation for Tender) ধারা-২১ এবং প্রকাশিত দরপত্র দলিল (STD: Standard Tender Document)-এর দরপত্র উপাত্ত শিট (TDS: Tender Data Sheet)-এর ধারা ITT-10.1-এর ভিত্তিতে সম্ভাব্য দরপত্রদাতাগণ বা তাঁদের মনোনীত প্রতিনিধিগণ এবং ক্রয়কারী কার্যালয়ের সংশ্লিষ্টদের উপস্থিতিতে একটি প্রাক-দরপত্র সভা অত্র প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ মামুনুর রহমান -এর সভাপতিত্বে **আগামী ২৮/০৫/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার দুপুর ১২:০০ ঘটিকায় সভাকক্ষ-১১০৮ (লেভেল-১১, ডিটিসিএ ভবন-সড়ক ও জনপথ অধিদপ্তর ভবনের পাশে, লাভ রোড, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮)-এ** অনুষ্ঠিত হবে।

০২। এমতাবস্থায়,

- উপর্যুক্ত সভায় সকল সম্ভাব্য দরপত্রদাতাগণ বা মনোনয়নপত্রসহ তাঁদের মনোনিত প্রতিনিধিগণকে (প্রযোজ্য ক্ষেত্রে) সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- একইসাথে, দরপত্র দলিল (STD: Standard Tender Document)-এর দরপত্র উপাত্ত শিট (TDS: Tender Data Sheet)-এর ধারা ITT-10.2-এর ভিত্তিতে আলোচ্য বিষয়ে কোন প্রশ্ন থাকলে তা অবশ্যই লিখিতভাবে/ইমেইলের মাধ্যমে সভা অনুষ্ঠানের ১ (এক) দিন (আগামী ২৭/০৫/২০২৩ খ্রিঃ তারিখ রোজ শনিবার সন্ধ্যা ০৭:০০ ঘটিকার) পূর্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্যও নির্দেশক্রমে প্রেরণ করা হলো।



সাদ্দাম হোসেন

সহকারী প্রকল্প ব্যবস্থাপক

এস্টাবলিসমেন্ট অফ ক্লিয়ারিং হাউস ফর ইনটিগ্রেটিং ট্রান্সপোর্ট  
টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এ্যাডজাসেন্ট ডিসট্রিক্টস  
(ফেইজ-২) প্রকল্প

মোবাইলঃ +৮৮০-১৬৭১-০৩১২৩৩

ই-মেইলঃ esaddam.cse@gmail.com

### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- প্রকল্প ব্যবস্থাপক, এস্টাবলিসমেন্ট অফ ক্লিয়ারিং হাউস ফর ইনটিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এ্যাডজাসেন্ট ডিসট্রিক্টস (ফেইজ-২) প্রকল্প, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- প্রোগ্রামার, ক্লিয়ারিং হাউজ অ্যাডমিনিস্ট্রেটর, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- প্রোগ্রামার, ডাটাবেজ, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- জুনিয়র ব্যক্তিভিত্তিক পরামর্শক (ক্লিয়ারিং হাউজ ম্যানেজমেন্ট), এস্টাবলিসমেন্ট অফ ক্লিয়ারিং হাউস ফর ইনটিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এ্যাডজাসেন্ট ডিসট্রিক্টস (ফেইজ-২) প্রকল্প, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- সকল সম্ভাব্য দরপত্রদাতাগণ বা তাঁদের মনোনিত প্রতিনিধিগণ (মনোনিত প্রতিনিধিগণের ক্ষেত্রে মনোনয়নপত্র আসার নির্দেশনাসহ)।

### অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও প্রযোজ্য ক্ষেত্রে সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- প্রকল্প পরিচালক, এস্টাবলিসমেন্ট অফ ক্লিয়ারিং হাউস ফর ইনটিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এ্যাডজাসেন্ট ডিসট্রিক্টস (ফেইজ-২) প্রকল্প, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- প্রোগ্রামার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ (সভার নোটিশটি ডিটিসিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অফিস কপি / গার্ড ফাইল।